গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

মুজিব শতবর্ষ MUJIB 100

নম্বর- ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০১৬.২০১৯-৪৯৪

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

## পরিপত্র (সংশোধিত)

বিষয়: **উপজেলা পরিষদের বাৎসরিক বাজেটের ৩% অর্থ 'নারী উন্নয়ন ফোরাম' এর জন্য বরাদ্দ প্রদান এবং পরিষদের ২৫% প্রকল্প নারী সদস্যদের মাধ্যমে বাস্তবায়ন প্রসঙ্গে।**

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট ও ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রজেক্ট এর আওতায় গঠিত 'নারী উন্নয়ন ফোরাম' এর জন্য ২০২১-২০২২ অর্থবছর হতে উপজেলা পরিষদের বাৎসরিক বাজেটের ৩% অর্থ বরাদ্দ প্রদান এবং উপজেলা পরিষদ কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের ২৫% নারী সদস্যদের মাধ্যমে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হলো। উক্ত অর্থ স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত "উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা' এর (৬) অনুচ্ছেদে বর্ণিত উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচির খাতওয়ারী বিভাজনের বিবিধ খাত হতে নির্বাহ করতে হবে। উপজেলা পরিষদ কর্তৃক 'নারী উন্নয়ন ফোরাম' এর অনুকূলে বরাদ্দকৃত অর্থ দিয়ে 'নারী উন্নয়ন ফোরাম' উপজেলা পরিষদের মাধ্যমে নিম্নবর্ণিত বিষয়ে প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন করবে:

- **শিক্ষা:** স্কুল পড়ুয়া ছাত্রীদের ঝরে পড়ার হার রোধ ও মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণ, মেধাবী ছাত্রীদের পুরস্কার প্রদান ইত্যাদি।
- **কর্মসংস্থান:** বেকার যুব নারীদের কর্মসংস্থান বৃদ্ধিতে বিভিন্ন প্রশিক্ষণ আয়েজন ও প্রশিক্ষণ প্রদানকারী সংস্থাসমূহের সাথে সংযোগ স্থাপন।
- **সাংস্কৃতিক:** মেয়েদের সাংস্কৃতিক উন্নয়নে সুযোগ সৃষ্টি, খেলাধুলা ও প্রতিযোগিতার আয়েজন ইত্যাদি।
- **সচেতনতামূলক:** জেন্ডার সমতা ও মানবাধিকার বিষয়ক দিবস উদযাপন, নারীর ক্ষমতায়ন কর্মসূচিতে পুরুষদের সম্পৃক্তকরণ, নারীর রাজনৈতিক ক্ষমতায়ন ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ, নারীর প্রতি বৈষম্যমূলক আচরণ নির্মূলে কর্মসূচি গ্রহণ, প্রাকৃতিক দুর্যোগে সচেতনতা ও ঝুঁকি হ্রাসে কর্মসূচি গ্রহণ, নারী ও শিশু পাচার বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ ইত্যাদি।
- **অন্যান্য:** বিধবা, স্বামী পরিত্যক্তা, তালাকপ্রাপ্তা ও অসহায় নারীদের উন্নয়নে কর্মসূচি গ্রহণ, নারী উন্নয়ন ফোরাম এর নিয়মিত সভা আয়োজন ও অন্যান্য ব্যয় নির্বাহ ইত্যাদি।

২। উল্লিখিত বরাদ্দ দ্বারা সংশ্লিষ্ট উপজেলার নারী ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়নে ব্যয় করা হবে। প্রকল্প প্রস্তাবনা নারী উন্নয়ন ফোরাম এর সভার মাধ্যমে আলোচনাপূর্বক উপজেলা পরিষদের সংশ্লিষ্ট কমিটিতে প্রেরণ করতে হবে, যা পরবর্তীতে প্রকল্প যাচাই-বাছাই ও অন্যান্য প্রক্রিয়া সম্পন্ন করে উপজেলা পরিষদের মাসিক সভায় আলোচনাপূর্বক অনুমোদিত হবে। উপজেলা পরিষদের অন্যান্য প্রকল্পের ন্যায় এ প্রকল্পসমূহ অনুমোদিত হবে।

৩। এ সংক্রান্ত গত ৩১ মে ২০১৫ তারিখের ৪৬.৪৫.০২০.০৯.০৬.০০৬.২০১৫-৫৮০ নং স্মারকের পরিপত্রটি এতদ্বারা বাতিল করা হলো।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১২/০৯/২০২১

(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

*চলমান পাতা-২*

নম্বর- ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০১৬.২০১৯-৪৯৪

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব,--------------------------------------------------------------।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জাতীয় প্রকল্প পরিচালক, "কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (EALG) প্রকল্প" স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার (সকল),-----------------।
৬। পরিচালক, স্থানীয় সরকার (সকল), ----------------।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। জেলা প্রশাসক (সকল),---------------------।
৯। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল),-------------------------।
১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ------------------------।
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),------------------------------।
১৩। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল),--------------------------------।
১৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল),---------------------------।
১৫। ভাইস চেয়ারম্যান (সাধারণ/সংরক্ষিত আসন), উপজেলা পরিষদ (সকল),------------------------।
১৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল),---------------------------।
১৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২/০৯/২০২১
(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব

D:\PC-2\Letter.docx